**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 16-03-2026** **Time: 1-30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) তফসিলি জাতি, উপজাতি ও মহিলা উদ্যোগপতিদের আরো সুবিধে দিতে 'স্ট্যান্ড আপ ইন্ডিয়া' প্রকল্পের পুনর্গঠিত সংস্করণ চালু করবে বলে জানিয়েছে সরকার।

২) রাজ্যসভার নেতা জে পি নাড্ডা, দেশে রান্নার গ্যাস নিয়ে রাজনীতি করার জন্য কংগ্রেসের সমালোচনা করেছেন।

৩) নির্বাচন কমিশন পশ্চিমবঙ্গ পুলিশের ডিজি এবং কলকাতার পুলিশ কমিশনার সহ শীর্ষ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে।

৪) রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী ওড়িশার কটকের হাসপাতালে অগ্নিকান্ডে, জীবনহানির ঘটনায় শোক প্রকাশ করেছেন। #আর্থিক সহায়তা ঘোষণা প্রধানমন্ত্রীর।

৫) মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অনুরোধ সত্ত্বেও হরমুজ প্রণালীতে রণতরী পাঠানোর আহ্বান খারিজ করে দিয়েছে জাপান, অস্ট্রেলিয়া এবং ব্রিটেন ।

৬) ৯৮-তম একাডেমি পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সেরা ছবির পুরস্কার পেয়েছে লিওনার্দো ডিক্যাপ্রিও অভিনীত ‘ওয়ান ব্যাটল আফটার অ্যানাদার’।

**********************************************************************

তফসিলি জাতি, উপজাতি ও মহিলা উদ্যোগপতিদের আরো সুবিধে দিতে 'স্ট্যান্ড আপ ইন্ডিয়া' প্রকল্পের পুনর্গঠিত সংস্করণ চালু করবে বলে জানিয়েছে সরকার। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ লোকসভায় অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানান, ২০১৬ সালের এপ্রিল মাসে এই প্রকল্প চালু হয়, গত বছর মার্চ মাসে তা শেষ হয়েছে। তিনি বলেন, নীতি আয়োগ ও অন্যান্য দপ্তর এই প্রকল্প গভীরভাবে পর্যালোচনা করেছে এবং সুবিধাভোগীদের কাছে এই প্রকল্পকে আরো আকর্ষণীয় করতে আবার নতুন করে সাজানো হচ্ছে।

উল্লেখ্য, স্ট্যান্ড আপ ইন্ডিয়া প্রকল্পের লক্ষ হলো তফসিলি জাতি অথবা উপজাতির ঋণগ্রহীতা কিংবা একজন মহিলা ঋণগ্রহীতাকে যে কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাংকার শাখা থেকে ১০ লক্ষ থেকে ১ কোটি টাকা পর্যন্ত ব্যাংকঋণের সুবিধা দেওয়া।

*************************************************************************

সরকার বলেছে দেশে স্বনিযুক্তির সংখ্যা ২০১৭-১৮ সালের ৫২ শতাংশ থেকে বেড়ে ৫৮ শতাংশ হয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তর কালে অতিরিক্ত প্রশ্নের জবাবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী মনসুখ মান্ডবিয়া জানিয়েছেন, দেশে আর্থিক বিকাশ শ্রমিকদের উপার্জন বৃদ্ধি পেয়েছে। দৈনিক ভিত্তিক কাজের পারিশ্রমিক ২০১৭ - ১৮ সালের ২৯৫ টাকা থেক বর্তমানে ৪১৮ টাকা দাঁড়িয়েছে বলে তিনি জানান। মন্ত্রী বলেন নতুন শ্রম বিধি অনুসারে নূন্যতম মজুরি নির্ধারিত হয়েছে এবং সব রাজ্য এই পারিশ্রমিক দিতেই হবে।

*************************************************************************

সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু বলেছেন, তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস সাংবিধানিক প্রতিষ্ঠানকে লক্ষ্য করে আক্রমণ শানানোর বিষয়টি অভ্যেসে পরিণত করেছে।

বিষয়গুলি কোনোভাবেই সাংবিধানিক কর্তৃপক্ষের সঙ্গে যুক্ত নয়, সরকার বা সংসদের এ নিয়ে কিছু করার নেই। রাজ্যসভায় পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের আগে নির্বাচন কমিশন কয়েকজন শীর্ষ আধিকারিককে বদলি করায় রাজ্যসভায় উত্তপ্ত বাকি বিনিময় করার পর তৃণমূল কংগ্রেসের সদস্যরা ওয়াক আউট করার পর শ্রী রিজিজু এই মন্তব্য করেছেন।

*************************************************************************

রাজ্যসভার নেতা জে পি নাড্ডা দেশে রান্নার গ্যাস নিয়ে রাজনীতি করার জন্য কংগ্রেসের সমালোচনা করেছেন। তিনি বলেন, ভারতের জন্য এই সংকট তৈরি হয়নি। ভারতের এই সঙ্কট সৃষ্টিতে কোনো ভূমিকা নেই। তার আরও অভিযোগ ভারতীয় জাতীয় কংগ্রেস ও বিরোধীরা দেশে সংকট কালেও যে কোনো বিষয়ে রাজনীতির করার সুযোগ পেলে তা থেকে বিরত হয় না। শ্রী নাড্ডা বলেন, সরকার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছে এবং বর্তমান অবস্থা ব্যাখ্যা করেছে। কিন্তু বিরোধীদের তা শোনার ইচ্ছে নেই।

*************************************************************************

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গ পুলিশের ডিজি এবং কলকাতার পুলিশ কমিশনার সহ শীর্ষ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে। পুলিশের ভারপ্রাপ্ত মহা নির্দেশক পদ থেকে পীযুষ পান্ডেকে সরিয়ে দেওয়া হয়েছে। তার জায়গায় নতুন ডিজিপি হচ্ছেন ১৯৯২ ব্যাচের IPS আধিকারিক সিদ্ধিনাথ গুপ্তা। কলকাতা পুলিশ কমিশনারের পদ থেকে সুপ্রতিম সরকারকে সরিয়ে ১৯৯৬-এর ব্যাচের IPS আধিকারিক অজয় কুমার নন্দকে নিয়োগ করা হয়েছে। রাজ্য পুলিশের ADG আইনশৃঙ্খলা এবং ডিজি (সংশোধনাগার) পদে পরিবর্তন করা হয়েছে। ADG পদে বিনীত গোয়েলের পরিবর্তে আনা হয়েছে, অজয় মুকুন্দ রানাডে-কে। ডিজি সংশোধনাগার

পদে নিযুক্ত হয়েছেন এন রমেশবাবু। আজ বিকেল তিনটের মধ্যে মুখ্যসচিবকে এই নির্দেশিকা কার্যকর করতে বলা হয়েছে।

**********************************************************************

দুষ্মন্ত নারিয়ালা, আজ পশ্চিমবঙ্গের নতুন মুখ্য সচিব হিসেবে দায়িত্বভার গ্রহণ করছেন। একই সঙ্গে সংঘমিত্রা ঘোষ দায়িত্ব নেবেন স্বরাষ্ট্র সচিব হিসেবে। দুপুর তিনটের মধ্যে তাদের সংশ্লিষ্ট পদগুলিতে যোগ দিতে বলা হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে বিধানসভা নির্বাচনের দিনক্ষণ ঘোষণা হওয়ার পর গতকালই মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী এবং স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মিনাকে পদ থেকে সরিয়ে দেয় নির্বাচন কমিশন। ভোট পর্ব শেষ না হওয়া পর্যন্ত এই দু-জনকে নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জড়িত কোন পদে বসানো যাবে না বলে এক নির্দেশে কমিশন জানিয়েছে।

**********************************************************************

আদর্শ আচরণবিধি চলাকালীন প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহনের জন্য একটি স্ক্রিনিং কমিটি গঠনের নির্দেশ দিয়েছে কমিশন। এই কমিটির নেতৃত্বে থাকবেন রাজ্যের নতুন মুখ্যসচিব। সদস্য হিসেবে থাকবেন সংশ্লিষ্ট দফতরের সচিব বা প্রধান সচিব এবং সমন্বয় দফতরের সচিব বা প্রধান সচিব। কোনও দফতর সরাসরি কমিশনের কাছে ফাইল পাঠাতে পারবে না। কোন প্রস্তাব আদর্শ আচরণবিধি অনুযায়ী পাঠানো হয়েছে কিনা সেটা প্রথমে ওই কমিটি খতিয়ে দেখবে তারপর তা নির্বাচন কমিশনের দপ্তরে অনুমোদনের জন্য পাঠাবে। ২২শে মার্চের মধ্যে এই কমিটি গঠন করে কমিশনকে জানাতে হবে।

নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা হতেই সরকারি জায়গা থেকে রাজনৈতিক প্রচারের সমস্ত চিহ্ন দ্রুত সরানোর নির্দেশ দিল নির্বাচন কমিশন। কমিশন জানিয়েছে, সরকারি অফিস থেকে নির্বাচন সংক্রান্ত দেওয়াল লিখন, পোস্টার, ব্যানার, হোর্ডিং ও পতাকা ২৪ ঘন্টার মধ্যে সরিয়ে ফেলতে হবে। পাবলিক স্পেসের ক্ষেত্রেও নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। রেল স্টেশন, বাস স্ট্যান্ড, বিমানবন্দর, সেতু, সরকারি বাস এবং বিদ্যুৎ বা টেলিফোনের খুঁটির মতো জায়গা থেকে সব ধরনের রাজনৈতিক বিজ্ঞাপন ৪৮ ঘন্টার মধ্যে সরিয়ে ফেলতে নির্দেশ দেওয়া হয়েছে।

**********************************************************************

বিহার, ওড়িশা এবং হরিয়ানার ১১টি রাজ্যসভা আসনের জন্য আজ ভোটগ্রহণ হবে। ২৬

জন সাংসদ ইতিমধ্যেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। গত মাসে নির্বাচন কমিশন ১০টি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনের জন্য নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করেছিল।

বিহারের পাঁচটি রাজ্যসভা আসনের ভোটে দলগুলোর বিধায়ক সংখ্যার নিরিখে চারটি আসনে এনডিএ প্রার্থীদের জয় নিশ্চিত। তবে, পঞ্চম আসনে জয়ের বিষয়ে দুইপক্ষ আশা প্রকাশ করেছে।

আসাদউদ্দিন ওয়াইসি নেতৃত্বাধীন অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমীন, AIMIM, আরজেডি প্রার্থীকে সমর্থনের কথা জানানোর ফলে এই নির্বাচন আরও বেশি প্রতিযোগিতামূলক হয়ে উঠেছে।
ওড়িশায় রাজ্যসভার চারটি আসনেও ভোটগ্রহণ হবে আজ। এই নির্বাচনে মোট পাঁচজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। হরিয়ানায় দুটি রাজ্যসভা আসনেও আজ নির্বাচন হবে।

*************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণাণ ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ওড়িশার কটকে একটি হাসপাতালে অগ্নিকান্ডে জীবনহানির ঘটনায় শোকপ্রকাশ করেছেন।
সমাজ মাধ্যমে এক পোস্টে রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মূ নিহতদের পরিবারের প্রতি শোকজ্ঞাপন করার পাশাপাশি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন।

প্রধানমন্ত্রী মোদী নিহতদের প্রতি গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে নিহতদের নিকট আত্মীয়কে ২ লক্ষ টাকা ও আহতদের ৫০ হাজার টাকা দেওয়ার কথা ঘোষণা করেছেন।

ওড়িশার মুখ্যমন্ত্রী নিহতদের পরিবার পিছু ২৫ লক্ষ টাকা আর্থিক সহায়তার কথা ঘোষণা করেছেন। এই ঘটনায় বিচারবিভাগীয় তদন্তের আদেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি। তিনি ও স্বাস্হ্যমন্ত্রী মুকেশ মহালিঙ্গ ঘটনাস্হলে পৌঁছে পরিস্হিতি পর্যালোচনা করেন।

আগেই জানানো হয়েছে, ওড়িশার কটকে এস সি বি মেডিকেল কলেজ ও হাসপাতালের আই সি ইউ-তে এক ভয়াবহ অগ্নিকান্ডে অন্তত পক্ষে ১০ জনের মৃত্যু হয়। রোগীদের বাঁচাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে সংকটজনক অবস্হায় রয়েছেন অন্তত ১১ জন চিকিৎসাকর্মী। শর্টসার্কিটের ফলে ভোর তিনটে নাগাদ আগুন লাগে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে।

*************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মতুয়া ধর্মমেলা উপলক্ষ্যে সকল ভক্ত ও মেলায় অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক বার্তায় শ্রী মোদী উল্লেখ বলেছেন, শ্রী শ্রী হরিচাঁদ ঠাকুরের চিন্তাধারা ও শিক্ষা আজও বহু মানুষকে শক্তি ও আশা জুগিয়ে চলেছে। তিনি মর্যাদা, সাম্য ও ভক্তির লক্ষ্যে এক শক্তিশালী আন্দোলনের সূচনা করেছিলেন যা নতুন প্রজন্মকে ন্যায় ও সম্প্রীতির পথে চলতে অনুপ্রাণিত করে চলেছে।
প্রধানমন্ত্রী বলেন, গত এক দশক ধরে কেন্দ্রীয় সরকার মতুয়া সম্প্রদায়ের কল্যাণ, ক্ষমতায়ন এবং মর্যাদার বিষয়ে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

*************************************************************************

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মিত্রদেশগুলির প্রতি হরমুজ প্রণালীতে রণতরী পাঠানোর আহ্বান জানালেও জাপান, অস্ট্রেলিয়া এবং ব্রিটেন জানিয়ে দিয়েছে তারা এইমুহূর্তেই সেখানে কোনো জাহাজ পাঠানোর পরিকল্পনা করছে না।

জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি জানিয়েছেন, বর্তমানে হরমুজ প্রণালীতে তাদের নৌবাহিনী মোতায়েনের কোনো পরিকল্পনা নেই। অস্ট্রেলিয়াও জানিয়েছে, তারা কোনো জাহাজ পাঠাবে না; অস্ট্রেলিয়ার মন্ত্রী ক্যাথরিন কিং জানান, এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে তাদের কাছে কোনো অনুরোধ আসে নি।

দক্ষিণ কোরিয়া জানিয়েছে, তারা বিষয়টি ওয়াশিংটনের সঙ্গে আলোচনা করছে। ব্রিটেনের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমারও হরমুজ প্রণালী পুনরায় খোলার বিষয়ে ট্রাম্পের সঙ্গে  আলোচনা করেছেন বলে জানিয়েছেন।

******************************************************************************

দুবাই আন্তর্জাতি বিমানবন্দরে সাময়িকভাবে বিমান চলাচল স্হগিত রাখার কারণে এয়ার ইন্ডিয়া ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস দুবাই থেকে চলাচলকারী সমস্ত বিমান আজকের মত বাতিল করেছে। এয়ার লাইন্স জানিয়েছে, পরিস্হিতি স্বাভাবিক হলেই তারা আটকেপড়া যাত্রীদের নিরাপদে দেশে ফিরিয়ে আনবে।  আরও জানানো হয়েছে, আবুধাবি, রাস আল খাইমা ও সারজা থেকে জরুরি ভিত্তিতে বিমান পরিষেবা চালু থাকবে।

******************************************************************************

লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে আজ  বিশ্ব চলচ্চিত্রের সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কার ৯৮-তম একাডেমি অ্যাওয়ার্ডস প্রদান করা হয়। সেরা চলচ্চিত্রের  শিরোপা জিতে নিয়েছে পল টমাস অ্যান্ডারসন পরিচালিত ‘ওয়ান ব্যাটেল আফটার অ্যানাদার’। অন্যদিকে, ‘সিনার্স’ ও ‘হ্যামনেট’-এর জয়জয়কারে মুখরিত এবারের অস্কার।

১৩টি বিভাগে মনোনীত হওয়া ‘ওয়ান ব্যাটেল আফটার অ্যানাদার’ সেরা ছবিসহ মোট ৬টি অস্কার জয় করেছে। এই ছবির জন্যই কেরিয়ারের প্রথম সেরা পরিচালকের পুরস্কার পেয়েছেন পল টমাস অ্যান্ডারসন। লিওনার্দো ডিক্যাপ্রিও অভিনীত এই ছবিটি সেরা চিত্রনাট্য ও সেরা সম্পাদনার পুরস্কারও জিতেছে।
‘সিনার্স’ ছবিতে অনবদ্য অভিনয়ের জন্য সেরা অভিনেতার পুরস্কার জিতেছেন মাইকেল বি জর্ডান। অন্যদিকে, ‘হ্যামনেট’ ছবিতে বলিষ্ঠ অভিনয়ের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন আইরিশ তারকা জেসি বাকলি।
এই প্রথম ইতিহাস গড়ে নরওয়ের চলচ্চিত্র হিসেবে সেরা আন্তর্জাতিক চলচ্চিত্রের পুরস্কার জিতেছে ‘সেন্টিমেন্টাল ভ্যালু’। সেরা সিনেম্যাটোগ্রাফি ও সেরা অরিজিনাল স্কোরের পুরস্কার জিতেছে ‘সিনার্স’। ‘অ্যাভাটার: ফায়ার অ্যান্ড অ্যাশ’ পেয়েছে সেরা ভিজ্যুয়াল এফেক্টস-এর পুরস্কার। সেরা ফিচার ডকুমেন্টারি বিভাগে জিতেছে ‘মিস্টার নোবডি এগেইনস্ট পুতিন’।
আজকের অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জনপ্রিয় কমেডিয়ান কোনান ও'ব্রায়েন। প্রিয়াঙ্কা চোপড়া, রবার্ট ডাউনি জুনিয়র ও ক্রিস ইভান্সের মতো তারকাদের উপস্থিতিতে তারকাখচিত ছিল অস্কার। ‘ইন

মেমোরিয়াম' পর্বে শ্রদ্ধা জানানো হয় কিংবদন্তি অভিনেতা রবার্ট রেডফোর্ড, ডায়ান কিটন এবং পরিচালক রব রেইনারকে।

পশ্চিম এশিয়ায় উত্তেজনার প্রেক্ষাপটে এবারের অস্কারে নিরাপত্তার অত্যন্ত কড়াকড়ি ছিল।

*************************************************************************